চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

১০ জুলাই ২০১৭ খ্রি.

ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোধে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ক্রাশ প্রোগ্রাম উদ্বোধন করলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোধে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মশক নিধন ক্রাশ প্রোগ্রাম উদ্বোধন কালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ডেঙ্গু বা চিকুনগুনিয়া জ্বরে কেউ আক্রান্ত হলে সাথে সাথে চিকিৎসকের শরনাপন্ন হওয়ার আহবান জানিয়ে বলেন, সচেতন হলে এ ধরনের রোগ থেকে রক্ষার সুযোগ রয়েছে। এডিস নামক স্ত্রী মশার কামড়ে ডেঙ্গু বা চিকুনগুনিয়া ভাইরাসজনিত রোগ হতে পারে। সে কারনে বাড়ীর আঙ্গীনা, আশপাশ, ঝোপঝাড় সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং জমা থাকা পানি তিনদিন পর পর ফেলে দিলে এডিস মশার লার্ভা মরে যাবে। ফুলের টব, প্লাষ্টিক পাত্র, পরিত্যক্ত টায়ার, প্লাষ্টিক ড্রাম, মাটির পাত্র, ভাঙ্গা বালতি, টিনের কৌটা, ডাবের খোসা, নারিকেলের মালা, কন্টেইনার, মটকা, ব্যাটারি সেল, পলিথিন,চিপস্ এর পেকেট ইত্যাদিতে জমে থাকা পানিতে এডিস মশা ডিম পাড়তে পারে। সে কারনে এসকল পাত্রে থাকা পানি ফেলে দিতে হবে। অপ্রয়োজনীয় বা পরিত্যক্ত পানির পাত্র ধ্বংস অথবা উল্টিয়ে রাখতে হবে। যাতে পানি জমতে না পারে। দিনে বা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করতে হবে। যাতে মানুষের গায়ে মশা কামড় দিতে না পারে। মেয়র বলেন, বাড়ীর আঙ্গিনা, স্কুল-কলেজ, দোকান-পাট, ব্যবসা প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠান ইত্যাদি জায়গায় এডিস মশা জন্ম নিতে পারে। সেসকল জায়গা প্রতি নিয়ত পরিচ্ছন্ন রাখতে হবে। মেয়র আ জ ম নাছির উদ্দীন, সামাজিক, সাংস্কৃতিক, স্বেচ্ছাসেবী সংগঠন, মসজিদের ইমাম, মন্দিরের পুরোহিত, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষার্থী সকলকে ডেঙ্গু ও চিকুনগুনিয়া ভাইরাস জনিত বিষয়গুলো এবং পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য স্বউদ্যোগে প্রচারের আহবান জানান। তিনি

বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রচার পত্র বিলি, মাইক প্রচার এবং পত্রিকায় বিজ্ঞাপন এর মাধ্যমে সচেতনতা সৃষ্টি করে যাচ্ছে। সর্বসাধারনের সার্বিক সহযোগিতায় নগরীকে পরিচ্ছন্ন রাখা গেলে রোগ বালাই থেকে রক্ষা পাওয়া সম্ভব হবে। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা সহ সকল সেবাধর্মী কাজে নগরবাসীর সহযোগিতা কামনা করেন। ১০ জুলাই ২০১৭ খ্রি. সোমবার, বিকেলে নগরীর ২১ নং জামাল খান ওয়ার্ডের হেমসেন লেইনস্থ কাঁচাবাজার এলাকায় ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোধে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ক্রাশ প্রোগ্রাম উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এ সহযোগিতা কামনা করেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মশক নিয়ন্ত্রন ও নিধন কর্মসূচী উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠিত সুধি সমাবেশে সভাপতিত্ব করেন ২১ নং জামাল খান ওয়ার্ড কাউন্সিলর ও বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি শৈবাল দাশ সুমন। ৩৩ নং ওয়ার্ড কাউন্সিলর আলাহাজ্ব হাসান মুরাদ বিপ্লব, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মান্নান সিদ্দিকী, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরী, সহ চসিক এর কর্মকর্তা বৃন্দ এবং চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের তথ্য ও গবেষনা সম্পাদক চন্দন ধর, সদস্য বেলাল আহমদ, কোতোয়ালী থানা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মিথুন বড়ুয়া, ২১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোরশেদ আলম, সহ সভাপতি সাহাবউদ্দিন, সাংগঠনিক সম্পাদক সৈয়দুল আলম, আওয়ামীলীগ নেতা আবদুল মান্নান, আবদুস সবুর, জাহাঙ্গীর মোস্তফা, কল্যান সেন, আওয়ামীযুবলীগ নেতা ওয়াহিদুল আলম শিমুল সহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। মশক নিয়ন্ত্রন ও নিধনের এ কর্মসূচিতে ৪১ টি ওয়ার্ডের প্রতিটিতে ২শত লিটার সার্ভেসাইড(মশার ডিম ধ্বংসকারী ঔষধ) এবং ৬ শত লি. এডালটিসাইড (পূর্ণাঙ্গ মশা ধ্বংসকারী ঔষধ) ছিটানো হবে। চসিক এর পরিচ্ছন্ন বিভাগ প্রতিবছর নভেম্বর থেকে মার্চ পর্যন্ত ৫ মাস মশার উপদ্রব থেকে রক্ষার জন্য উল্লেখিত ঔষধ ছিটিয়ে থাকে। এবার চিকুনগুনিয়া এবং ডেঙ্গু থেকে নগরবাসীকে রক্ষার জন্য ২ মাসব্যাপী এ ক্রাশ প্রোগ্রাম অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র নালায় সার্ভেসাইড(মশার ডিম ধ্বংসকারী ঔষধ) এবং এডালটিসাইড (পূর্ণাঙ্গ মশা ধ্বংসকারী ঔষধ) স্প্রে করে ২ মাস ব্যাপী মশক নিধন কর্মসূচির উদ্বোধন করেন।

১০ জুলাই ২০১৭ খ্রি.

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে চট্টগ্রাম সিটি কলেজ থেকে বাংলাদেশ ছাত্রলীগের নির্বাহী কমিটিতে সদস্য পদে স্থানপ্রাপ্ত ছাত্র নেতৃবৃন্দ সহ সরকারি সিটি কলেজ ও ইসলামিয়া কলেজ এবং মহানগর ছাত্রলীগের মতবিনিময়

১০ জুলাই ২০১৭ খ্রি. সোমবার, বিকেলে, নগরভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে চট্টগ্রাম সিটি কলেজ থেকে বাংলাদেশ ছাত্রলীগের নির্বাহী কমিটিতে সদস্য পদে স্থানপ্রাপ্ত নেতৃবৃন্দ সহ সরকারি সিটি কলেজ ও ইসলামিয়া কলেজ এবং মহানগর ছাত্রলীগের মতবিনিময় অনুষ্ঠিত হয়। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেন, ছাত্রলীগের অতীত ইতিহাস গৌরবের। এ সংগঠনের কর্মীদের অতীত থেকে শিক্ষা নিয়ে শিক্ষা, শান্তি ও প্রগতিকে ধারন করে গঠনতন্ত্র ও ঘোষনাপত্র আত্মস্থ করে সংগঠনের স্বার্থে এবং বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নে নিরলসভাবে দায়িত্ব পালন করতে হবে। অধ্যয়নের পাশাপাশি শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের নানামুখি সমস্যা এবং জাতীয় জীবনে শিক্ষার সাথে সম্পৃক্ত সমস্যাগুলোকে সামনে এনে সমাধানের লক্ষ্যে সংগ্রাম করতে হবে। মেয়র বলেন, জঙ্গী ও সন্ত্রাসমুক্ত সুখি - সমৃদ্ধশালী সোনার বাংলা বিনির্মানে ছাত্রলীগের কর্মীদেরকে ভ্যানগার্ড হিসেবে দায়িত্ব পালন করতে হবে। ছাত্ররাই জননেত্রী শেখ হাসিনার ভিশন বাস্তবায়নের প্রধান কারিগর। তিনি বলেন, বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদের মধ্যে দেশপ্রেম জাগ্রত করে দেশকে উন্নতির শীর্ষে পৌছে দিতে তাদেরকে উৎসাহিত করতে হবে। নীতি নৈতিকতা ও দেশপ্রেম না থাকলে মূল্যবোধ সম্পন্ন নাগরিক হওয়া যায় না। সে কারনে ছাত্রদেরকে সৎ চরিত্রবান ও সুনাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। সংগঠনের পরিধি বৃদ্ধি এবং সদস্য বাড়ানোর জন্য যে কোন ঝুঁকি নিয়ে দায়িত্ব পালন করতে হবে। এও মনে রাখতে হবে সদস্য ও বন্ধু বাড়ানোর ক্ষেত্রে যাতে স্বাধীনতার বিরোধী কোন অপশক্তি সুযোগ গ্রহণ করতে না পারে। মতবিনিময়ে বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির নবনির্বাচিত সদস্য আবু বকর ছিদ্দিক, মিজানুর রহমান মিজান, আবু নাছের জুয়েল ছাড়াও উপস্থিত ছিলেন কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, সরকারী সিটি কলেজের সাবেক ভিপি চৌধুরী জহির উদ্দিন মোহাম্মদ বাবর, ইসলামিয়া কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি এম মুনসুর আলী, সাবেক ভিপি নাজমুল আলম খান, সরকারী

সিটি কলেজ ছাত্র সংসদের ভিপি আবু তাহের, সরকারী সিটি কলেজ ছাত্রলীগের সভাপতি মো. ইমতিয়াজ,এজিএস নিয়াজ মোরশেদ সহ সিটি কলেজ,ইসলামিয়া কলেজ ও মহানগর ছাত্রলীগের বর্তমান ও সাবেক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা